

## ৰ আল-মুমতাহিনা | Al-Mumtahina | المُمْتَحَنَة

আয়াতঃ ৬০ : ৬

## 💵 আরবি মূল আয়াত:

لَقَد كَانَ لَكُم فِيهِم أُسوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرجُوا الله وَ اليَومَ الأَخِرَ اللهُ وَ اليَومَ الأَخِرَ اللهُ وَ مَن يَّتَوَلَّ فَإِنَّ الله هُوَ الغَنِيُّ الحَمِيدُ ﴿ ٤﴾

## 

নিশ্চয় তোমাদের জন্য তাদের মধ্যে\* উত্তম আদর্শ রয়েছে, যারা আল্লাহ ও শেষ দিবসের প্রত্যাশা করে, আর যে মুখ ফিরিয়ে নেয়, (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ তো অভাবমুক্ত, সপ্রশংসিত। — আল-বায়ান

তোমরা যারা আল্লাহ ('র রহমত) ও শেষ দিবসের (সাফল্যের) প্রত্যাশী তাদের জন্য উত্তম আদর্শ রয়েছে তাদের [অর্থাৎ ইবরাহীম (আঃ) তাঁর অনুসারীদের] মধ্যে। আর কেউ মুখ ফিরিয়ে নিলে (সে জেনে রাখুক) আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। — তাইসিকল

তোমরা যারা আল্লাহ ও আখিরাতের প্রত্যাশা কর নিশ্চয়ই তাদের জন্য তাদের মধ্যে রয়েছে উত্তম আদর্শ। কেহ মুখ ফিরিয়ে নিলে সে জেনে রাখুক যে, আল্লাহতো অভাবমুক্ত, প্রশংসা। — মুজিবুর রহমান

There has certainly been for you in them an excellent pattern for anyone whose hope is in Allah and the Last Day. And whoever turns away - then indeed, Allah is the Free of need, the Praiseworthy. — Sahih International

\*ইবরাহীম আ. ও তাঁর অনুসারীদের মধ্যে

৬. যারা আল্লাহ্ ও শেষ দিবসের প্রত্যাশা করে অবশ্যই তোমাদের জন্য রয়েছে ওদের মধ্যে(১) উত্তম আদর্শ। আর যে মুখ ফিরিয়ে নেয়, (সে জেনে রাখুক), নিশ্চয় আল্লাহ্, তিনি অভাবমুক্ত, সপ্রশংসিত।

(১) অর্থাৎ ইবরাহীম আলাইহিস সালাম ও তার অনুসারীদের মধ্যে। [কুরতুবী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

- (৬) নিশ্চয়ই তোমরা যারা আল্লাহ ও পরকালের প্রত্যাশা কর,[1] তাদের জন্য তাদের মধ্যে[2] রয়েছে উত্তম আদর্শ। আর কেউ মুখ ফিরিয়ে নিলে[3] সে জেনে রাখুক যে, আল্লাহ তো অভাবমুক্ত, প্রশংসার্হ।
  - [1] কেননা, এই ধরনের লোকরাই আল্লাহকে এবং আখেরাতের আযাবকে ভয় করে। এরাই অবস্থাসমূহ ও ঘটনাবলী থেকে উপদেশ গ্রহণ করে।





- [2] অর্থাৎ, ইবরাহীম (আঃ) এবং তাঁর অনুসারী সঙ্গী-সাথীদের মধ্যে। এর পুনরাবৃত্তি তাকীদ স্বরূপ করা হয়েছে।
- [3] অর্থাৎ, ইবরাহীম (আঃ)-এর আদর্শ হতে মুখ ফিরিয়ে নিলে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5156

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন